2833 I - 3163/2014

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL B 242760

Certified that the document is admitted to registration. The signature sheet/sheets and the endorsement sheet/sheets attached with this document are the part of this document.

District Sub-Registrar II
24 Pgs (N) Barasat

11.05
13/5/14
8 6244

# স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা

13 MAY 2014

Sanjoy Saha

## ক্রেতাগণঃ

Reg. 3/103/P

(১) **শ্রীমতী শাশ্বতী লোধ,** স্বামী - শ্রী প্রদীপ কুমার লোধ,
জাতি- হিন্দু, জাতীয়তায়- ভারতীয়, পেশা- ব্যবসা,
সাং- এ. ই. ২৪৫ সল্টলেক, সেক্টর- ১, ব্লক - এ. ই.
পোঃ বিধান নগর, থানা- উত্তর বিধান নগর,
কোলকাতা- ৭০০০৬৪, জেলা- উত্তর ২৪ পরগণা।
**(PAN - AAVPL7081P)**

354

05-05-2014

Narayan Ch. Majumder, Adv.
Barrackpore Court

0000

ভেন্ডারের নাম সমীর সামন্ত
ট্রেজারীর নাম : বারাকপুর
ডি. ডি. নম্বর
ট্রেজারী থেকে তারিখ ২৩|৪|১৪
এই ডি. ডি. নম্বরের মোট কত টাকা
বিক্রি হইয়াছে ১৫৩৫৫০/-

Identified by me
Narayan Ch. Majumder.
S/o Lt. Ramesh Ch. Majumder
Advocate
Barrackpore Court

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

২) **শ্রীমতী রিঙ্কু দাস,** স্বামী শ্রী মাধাই দাস,

জাতি- হিন্দু, জাতীয়তায়- ভারতীয়, পেশা- ব্যবসা, সাং- ৪৬১/৪, নীলাচল, বিরাটী, পোঃ নীলাচল, থানা- এয়ারপোর্ট, কোলকাতা- ৭০০১৩৪, জেলা- উত্তর ২৪ পরগণা।

**(PAN- AHKPD7731J)**

**এবং**

৩) **মনোয়ারা বেগম,** স্বামী - মহম্মদ নাইম,

জাতি- মুসলীম, জাতীয়তায়- ভারতীয়, পেশা- ব্যবসা, সাং- বাঁকড়া, পোঃ বিরাটী, থানা- এয়ারপোর্ট, কোলকাতা- ৭০০০৫১, জেলা- উত্তর ২৪ পরগণা।

**(PAN- AXMPB3587A)**

**বিক্রেতাঃ**

**শ্রী সঞ্জয় সাহা,** পিতা - স্বর্গতঃ বিমল প্রসাদ সাহা,

জাতি- হিন্দু, জাতীয়তায়- ভারতীয়, পেশা- ব্যবসা, সাং- ২ নং মতিলাল কলোনী, পোঃ রাজবাড়ী, থানা- দমদম , কোলকাতা- ৭০০০৮১,

জেলা- উত্তর চব্বিশ পরগণা,

**(PAN- AVQPS9742J)**

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিম্ন তপশীলে বর্ণিত স্থানীয় মাপের কমবেশী ৫ কাঠা ৭ ছটাক ২১ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১00 বর্গফুট টালীর ছাদযুক্ত কাচা গৃহাদী তৎসহ উক্ত জমির পশ্চিম পার্শ্বস্থ ২0 ফুট প্রসস্থ রাস্তার ব্যবহারিক স্বত্বাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তির শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ-

জেলা - উত্তর ২৪ পরগণা, সাবেক থানা- দমদম, হাল থানা- এয়ারপোর্ট, অতিরিক্ত জেলা অবর নিবন্ধন কার্য্যালয় বিধান নগর সল্টলেক সিটি এর এলাকাধীন পরগণা কোলকাতার সামিল জে. এল. নং- ৫, রে. সা. নং- ৮৯, মৌজা- বিশরপাড়া গ্রামে ১৭২ নং তৌজির বর্তমান মালিক মহামান্য পশ্চিম বঙ্গ রাজ্য সরকারের পক্ষে উত্তর ২৪ পরগণা জেলার কালেকটার বাহাদুরের অধীনে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট সাবেক ৩৯৮ নং খতিয়ান আর. এস. ১২0১ নং খতিয়ান ভুক্ত আর. এস. ২৬২ নং দাগে বাস্তু ৬৩ শতক জমি যাহা লতিকা বিশ্বাস ও ব্রজেন্দ্র নাথ বিশ্বাস (উভয়ের পিতা - রসিক চন্দ্র বিশ্বাস) একযোগে বিগত ইংরাজী 0২-0১-১৯৫৩ তারিখে মোকাম কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ২ নং ভল্যুমের ১৭৫ হইতে ১৭৭ নং পাতায় নকলকৃত ৩0 নং এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে ঐ নিবাসী (১) ভদু গাজী, পিতা - মৃত কেরামত আলি গাজী, (২) আতাবদ্দিন গাজী, (৩) সেতাবদ্দিন গাজী উভয়ের পিতা - মৃত বজলে রহমান গাজী ও (৪) খয়রন্নেছা বিবি

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

Sanjay Saha

স্বামী মৃত রমজান মন্ডলের সকলের সাং - বিশরপাড়া, সাবেক থানা- দমদম, হাল থানা - এয়ারপোর্ট, জেলা- উত্তর ২৪ পরগণা দিগর নিকট হইতে খরিদ করিয়া তাহারা তাহাতে এজমালে খাসে স্বত্ববান স্বত্ববতী দখলকার দখলকারিনী থাকেন।

অতঃপর উক্ত ব্রজেন্দ্র নাথ বিশ্বাস তাহার নিজাংশের আট আনা রকমে ৩১.৫০ শতক জমির মধ্যে উক্ত জমির মধ্যে ১৬.৫০ শতক জমি অপর ব্যক্তিকে বিক্রয় করিবার পর অবশিষ্ট ১৫ শতক জমি উক্ত লতিকা বিশ্বাস মহাশয়া বিগত ইংরাজী ০৮-১১-১৯৬৯ তারিখে মোকাম কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১০৬ নং ভল্যুমের ২৭৩ হইতে ২৭৫ নং পাতায় নকলকৃত ৭২৩৭ নং এককেতা কোবালামূলে উক্ত ব্রজেন্দ্র নাথ বিশ্বাস মহাশয়ের নিকট হইতে খরিদ করেন। এমতাবস্থায় উক্ত লতিকা বিশ্বাস উক্ত ২৬২ নং দাগে মোট ৪৬.৫০ শতক জমিতে স্বত্ববতী ও দখলকারিনী থাকেন।

ঐ এলাকাধীন ঐ অধিনে ঐ স্বত্বীয় ঐ মৌজা বিশরপাড়া গ্রামে সাবেক ২৪৩ খতিয়ান আর. এস. ৫২৩ নং খতিয়ান ভুক্ত ২৬৩ নং দাগে ৪৬ শতক জমি যাহা উক্ত লতিকা বিশ্বাস মহাশয়া বিগত ইংরাজী ২১-১১-১৯৫৫ তারিখে মোকাম ঐ কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১২২ নং ভল্যুমের ২৪০ হইতে ২৪৩ নং পাতায় নকলকৃত ৯০১৩ নং এককেতা সাফ কোবালা মূলে সাকিন ঐ নিবাসী (১) আজিজার রহমান

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

গাজী পিতা- মৃত হারল হক গাজী (২) হবিবর রহমান গাজী, (৩) সফিয়ার রহমান গাজী, পিতা -মৃত আবদুল লতিফ গাজী দিগর নিকট হইতে খরিদ করিয়া তিনি তাহাতে খাসে স্বত্ববতী ও দখলকারিনী থাকেন।

অতঃপর এয়ারপোর্ট থানার অধীন বিরাটীর পূর্ব নবনগর নিবাসী শ্রী মনোরঞ্জন বিশ্বাস মহাশয়ার পুত্র শ্রী রবি শঙ্কর বিশ্বাস বিগত ইং ০৩-০৪-১৯৯২ তারিখে মোকাম বারাসাত ডি. আর. অফিসের ১ নং বহির ৩৮ নং ভল্যুমের ১৩৩ হইতে ১৩৯ পাতায় নকলকৃত ২৫৭৯ নং এককেতা দানপত্র মূলে উক্ত ২৬২ নং দাগের জমি মধ্যে ১০ ছটাক জমি ও ২৬৩ নং দাগের জমি মধ্যে ৪ কাঠা ১৪ ছটাক ১৮ বর্গফুট জমি উক্ত দুটি দাগে একুনে মোট ৫ কাঠা ৮ ছটাক ১৮ বর্গফুট জমি তাহার মাতা উক্ত লতিকা বিশ্বাস, স্বামী শ্রী মনোরঞ্জন বিশ্বাস এর নিকট হইতে প্রাপ্ত হইয়া সরেজমিনের মাপে ৫ কাঠা ৭ ছটাক ২১ বর্গফুট জমিতে স্বত্ববান ও দখলিকার থাকাবস্থায় স্থানীয় উত্তর দমদম পৌরসভায় তাহার নাম পত্তন পূর্বক ট্যাক্সাদি প্রদানে দাখিলা ও রসিদ আদি গ্রহণ পূর্বক তদুপরি ১০০ বর্গফুট পরিমিত টালির ঘর নির্মান পূর্বক তাহাতে খাসে স্বত্ববান ও দখলিকার থাকাকালীন তাহার নিকট হইতে উক্ত সম্পত্তি যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত তাহা আমি অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের বিক্রেতা সঞ্জয় সাহা পিতা স্বর্গতঃ বিমল প্রসাদ সাহা বিগত ইংরাজীর ১০-০৬-২০১১ তারিখে ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রার - ॥ নর্থ চব্বিশ পরগণা বারাসাত নিবন্ধন কার্য্যলয়ের ১ নং বহির ২৫ নং সি. ডি. ভল্যুমের ১২৬৮ নং

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

পাতা হইতে ১২৮১ নং পাতায় নকলকৃত ০৭৬০৩/২০১১ নং রেজিষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া নিরঙ্কুশ মালিকানা লাভ করিয়া স্থানীয় উত্তর দম দম পৌরসভায় নিজ নাম নথিভুক্ত করিয়া পৌরসভার কর ও সরকারী খাজনা প্রদান করিয়া অদ্যাবধি নিজ খাসে ভোগদখল করিয়া আসিতেছি যাহাতে আমার দান, বিক্রয়, বন্ধকাদিসহ যাবতীয় হস্তান্তর করিবার উত্তম নিব্যুঢ় স্বত্ব বিদ্যমান রহিয়াছে।

এক্ষণে আমার নগদ নগদ টাকার বিশেষ একান্ত আবশ্যক হওয়ায় উপরিউক্ত তথা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত কমবেশী ৫ কাঠা ৭ ছটাক ২১ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত টালীর ছাদযুক্ত কাচা গৃহাদী তৎসহ উক্ত জমিতে যাতায়াতের দরুন উক্ত জমির পশ্চিম পার্শ্বস্থ ২০ ফুট প্রসস্থ রাস্তার ব্যবহারিক স্বত্বাদি সহ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সাফ বিক্রয়ের ঘোষণা করিলে পর আপনারা অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের ক্রেতাগণ (১) শ্রীমতী শাশ্বতী লোধ, স্বামী শ্রী প্রদীপ কুমার লোধ, (২) শ্রীমতী রিঙ্কু দাস, স্বামী - শ্রী মাধাই দাস এবং (৩) মনোয়ারা বেগম, স্বামী মহম্মদ নাইম, তাহা লোক পরম্পরায় জানিতে পারিয়া বর্তমান সর্ব্বোচ্চ বাজার দর মূল্য মং ২৮,০০,০০০/- (আটাইশ লক্ষ) টাকা পণে উহা খরিদ করিবার প্রস্তাব করায় আমি অত্র দলিলের বিক্রেতা শ্রী সঞ্জয় সাহা, পিতা স্বর্গীয় বিমল প্রসাদ সাহা, আপনাদের প্রস্তাবে সম্মত থাকিয়া, আপনাদের নিকট হইতে নিম্নের জায় মোতাবেক স্থিরিকৃত পণের সমুদয় টাকা বুঝিয়া পাইয়া আপনাদের নাম বরাবরে প্রস্তুত

Sanjoy Saha

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

Santosh Saha

অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম এবং অত্র বিক্রীত সম্পত্তির খাস দখল, আপনাদের বুঝাইয়া দিয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে বিক্রীত সম্পত্তি হইতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে চিরতরে নিঃস্বত্ববান ও দখলচ্যুত হইলাম।

আপনারা অদ্য হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমার সর্বপ্রকার স্বত্বে স্বত্ববতী, ভোগবতী, দখলে দখলকারিনী সাব্যস্ত হইয়া স্থানীয় উত্তর দমদম পৌরসভায় ও পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরে, আপনাদের নিজ নিজ নাম পত্তনে, কর খাজনাদি আদায় দানে, দান বিক্রয়াদি হস্তান্তর ও যাবতীয়রূপ আইনানুগ রূপান্তরের স্বত্বাধিকারিনীতে ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা ব্যবহারে, পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। অদ্য হইতে অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তিতে আমার এবং আমার ওয়ারিশানগণের কাহারও কোন প্রকার স্বত্ব, স্বামিত্ব, দখল অধিকারাদি রহিল না বা থাকিবে না। যদি কস্মিনকালেও আমি বা আমার ওয়ারিশানগণের কেহ অত্র বিক্রীত সম্পত্তিতে কোনো প্রকার দাবী-দাওয়া বা ওজর আপত্তি করি বা কেহ করে, তবে তাহা সর্বত্র ও সর্বাদালতে বাতিল ও না মঞ্জুর বলিয়া গণ্য হইবে এবং অত্র সাফ বিক্রয় কোবালা বলবৎ হইবে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে কোন প্রকারে দায়বদ্ধ বা হস্তান্তর করি নাই বা অপর কাহারো নিকট বিক্রয় করিবার চুক্তিতে বায়নাবদ্ধ হই নাই বা উহা কোন দেবসেবায় বা ট্রাষ্ট ফান্ডে অর্পিত সম্পত্তি নহে। উহাতে লীজপেন্ডেস দোষ নাই, উহা ক্রোকাবদ্ধ বা কোন

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

প্রকারে চার্জযুক্ত সম্পত্তি নহে। উক্ত জমির বিনিময়ে আমি কোন ব্যক্তি, সরকারী বা বেসরকারী সংস্থা হইতে কোনরূপ ঋণ গ্রহণ করি নাই। উহাতে আমি ভিন্ন অপর কোন শরীক বা অংশীদার নাই। উহা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার কর্তৃক এ্যাকুইজিশান করা হয় নাই বা ঐরূপ কোন নোটিশ আমি অদ্যবধি পাই নাই, উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ রূপে আমার খাস দখলে থাকাবস্থায় আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, হক্ হকিয়ৎ, লভ্য সংশ্রব, দখল অধিকারাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমা হইতে চিরতরে রদ ও রহিত হইয়া অত্র কোবালা বলে আপনাদের উপর বর্তাইল ও আপনাদের হইল।

প্রকাশ থাকে যে, যদি উপরিউক্ত উক্তি সমূহের কোনটি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশে আমার স্বত্ব দখলের কোনরূপ দোষ ত্রুটি হেতু যদি ভবিষ্যতে আপনাদের খরিদা স্বত্ব দখলের কোন কিছু বিঘ্ন ঘটে তবে ঐ ক্ষতির জন্য আমি মায় ওয়ারিশানগণক্রমে আইন আমলে আসিতে ও উপযুক্ত ক্ষতিপূরণে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

অত্র দলিলের স্বত্ব দৃঢ়তর করিবার প্রয়োজনে বা কোন ভ্রম থাকা প্রকাশে ভবিষ্যতে যদি কোন পোষক দলিল বা সংশোধনী দলিল সম্পাদনের প্রয়োজন হয় তবে তাহা আমি মায় ওয়ারিশানগণক্রমে আপনাদের খরচে বিনা পণ গ্রহণে ও বিনা ওজর আপত্তিতে উক্ত সংশোধনী দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে স্বীকৃত ও বাধ্য রহিলাম।

Sanjoy Saha

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

Sanjay Saha



অত্র দলিল সংলগ্ন নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্যকরী হইবে।

এতদর্থে অদ্য তারিখে আমি অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের বিক্রেতা অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের লিখিত বিষয় পাঠ করিয়া ও তাহার মর্ম সম্যক অনুধাবন করিয়া এবং নিম্ন জায় মোতাবেক স্থিরিকৃত পণের সমুদয় টাকা বুঝিয়া পাইয়া স্বইচ্ছায়, স্বজ্ঞানে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনানুরোধে সুস্থ মস্তিষ্কে নিম্ন লিখিত সাক্ষিগণের সম্মুখে অত্র দলিলে সহি সম্পাদন করিলাম।

ইতি তাং - বাংলা ১৪২১ বঙ্গাব্দের - ২৯শে বৈশাখ
মোতাবেক ইংরাজী - ২০১৪ খ্রীষ্টাব্দের - ১৩ই মে

## বিক্রীত সম্পত্তির তপশীল ও তাহার চৌহদ্দি

জেলা- উত্তর ২৪ পরগণা, সাবেক থানা- দমদম, হাল থানা- এয়ারপোর্ট, অতিরিক্ত জেলা অবর নিবন্ধন কার্য্যালয় বিধান নগর সল্টলেক সিটি এর এলাকাধীন পরগণা কোলকাতা সামিল ১৭২ নং তৌজির হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকারের পক্ষে উত্তর ২৪ পরগণা জেলার কালেক্টার বাহাদুরের অধিন রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট মৌজা - বিশরপাড়া, এলাকাস্থিত জে. এল. নং- ৫, রে. সা. নং- ৮৯, সাবেক ৩৭৮ এবং আর. এস. ১২০১ নং খতিয়ান ভুক্ত আর. এস. ২৬২ নং দাগে কমবেশী ১০ (দশ) ছটাক

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

Sanjay Saha

বাস্তু জমি এবং সাবেক ২৪৩ নং খতিয়ান ভুক্ত আর. এস. ৫২৩ নং খতিয়ান ভুক্ত আর. এস. ২৬৩ নং দাগে কমবেশী ৪ (চার) কাঠা ১৩ (তের) ছটাক ২১ (একুশ) বর্গফুট বাস্তু জমি একুনে উপরিউক্ত দুইটি খতিয়ানভুক্ত দুইটি দাগে কমবেশী ৫ (পাঁচ) কাঠা ৭ (সাত) ছটাক ২১ (একুশ) বর্গফুট বাস্তু জমি মায় (যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় লাল রঙের রেখা দ্বারা বেষ্টিত) **তদুপরিস্থিত ১০০ (একশত) বর্গফুট টালির ছাদযুক্ত কাচা গৃহাদী** (যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় হলুদ রঙের রেখা দ্বারা বেষ্টিত) তৎসহ উক্ত জমিতে যাতায়াত, পৌরসভার জলের কলের লাইন, বৈদ্যুতিক ও টেলিফোন সংযোগাদি প্রভৃতি আনয়ন করিবার জন্য উক্ত জমির পশ্চিম পার্শ্বস্থ ২০ ফুট রাস্তার ব্যবহারিক স্বত্বাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা স্থানীয় উত্তর দমদম পৌরসভার ২ নং ওয়ার্ডের ৩৭৬(৭৯৯) নং হোল্ডিং ভুক্ত মধ্য নীলাচল রোডস্থিত সম্পত্তি হইতেছে এবং যাহার চৌহদ্দী ঃ-

উত্তরে ঃ অন্নপূর্ণা আবাসন।

দক্ষিণে ঃ শ্রীমতী সোমা সাহা এর জমি।

Registrar U/S 7(2)

13 MAY 2014

পূর্বে ঃ শ্রী ভবানী সংকর বিশ্বাস ও অন্যের জমি।

পশ্চিমে ঃ ২০ ফুট প্রসস্থ রাস্তা।

১) Saswati Lodh
2) Rinku Das.
৩) Monowara Begum

**ক্রেতাগণের স্বাক্ষর**

মোসাবিদাকারক ঃ

নারায়ণ চন্দ্র মজুমদার

শ্রী নারায়ণ চন্দ্র মজুমদার
আইনজীবি
ব্যারাকপুর আদালত
এনরোলমেন্ট নং- ডব্লিউ.বি.৭২২/৯১

ইসাদী
১) Kamal Majumder
157, M. B. Road,
Birati, Kol-51

২) Narayan Ch. Majumder.
Advocate
Barrackpore Court

টাইপকারক
এন. দাস.
বিরাটী, কোলকাতা- ৫১

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

## টাকার জায়

আমি শ্রী সঞ্জয় সাহা, পিতা- স্বর্গতঃ বিমল প্রসাদ সাহা, অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের বিক্রেতা, অত্র দলিলের ক্রেতাগণকে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি বিক্রয়ের দরুণ তাহাদের নিকট হইতে নিম্নের জায় মোতাবেক ২৮,০০,০০০/- (আটাইশ লক্ষ) টাকা গ্রহণ করিয়াছি।

| | | |
|---|---|---|
| ১) | এস বি আই বাঁকড়া শাখা চেক নং ০৭৩৯২৯ তারিখ ০২-০৫-২০১৩ | ৫,০০,০০০-০০ |
| ২) | এস বি আই বাঁকড়া শাখা চেক নং ০৩২৪৩৬ তারিখ ২৬-০৫--২০১৩ | ৫,০০,০০০-০০ |
| ৩) | এস বি আই বাঁকড়া শাখা চেক নং ০৬৫৭০৫ তারিখ ১৫-০৬-২০১৩ | ৫,০০,০০০-০০ |
| ৪) | এস বি আই বাঁকড়া শাখা চেক নং ০৬৫৭০৭ তারিখ ৩০-০৬-২০১৩ | ৫,০০,০০০-০০ |
| ৫) | এস বি আই বাঁকড়া শাখা চেক নং ০৬৫৭২০ তারিখ ০২-০৮-২০১৩ | ৫,০০,০০০-০০ |
| ৬) | ব্যাংক অফ ইন্ডিয়া, সল্টলেক শাখা চেক নং ০০০০৩৯, তারিখ ০৯-১০-২০১৩ | ৩,০০,০০০-০০ |
| | (সর্বমোট আটাইশ লক্ষ টাকা মাত্র) | ২৮,০০,০০০-০০ |

ইসাদী ঃ

১) Kamal Majumder

Sanjay Saha

বিক্রেতার স্বাক্ষর

২) Narayan Ch. Majumder Adv.

Registrar U/S 7(2)
District Sub Registrar II
24 Pgs (N), Barasat

13 MAY 2014

PAGE NO.—

## SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS


| SL. No. | Signature of the Executants/ Presentants | | | | | |
|---|---|---|---|---|---|---|
| |  | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |
| |  | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |
| |  | Little | Ring (Left Hand) | Middle (Left Hand) | Fore | Thumb |
| | | Thumb | Fore (Right Hand) | Middle (Right Hand) | Ring | Little |

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

PAGE NO.—

## SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS

| SL. No. | Signature of the Executants/ Presentants | | | | | |
|---|---|---|---|---|---|---|
| |  | Little | Ring (Left Hand) | Middle | Fore | Thumb |
| | |  | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle | Ring | Little |
| | |  | | | | |
| | | Little | Ring (Left Hand) | Middle | Fore | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle | Ring | Little |
| | | | | | | |
| | | Little | Ring (Left Hand) | Middle | Fore | Thumb |
| | | | | | | |
| | | Thumb | Fore (Right Hand) | Middle | Ring | Little |
| | | | | | | |

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat

13 MAY 2014

A SITE PLAN SHOWING OF A PLOT OF BASTU LAND LYING AND SITUATED AT MOUZA - BISHARPARA, TOUZI NO. - 172, R.S. NO. - 89, J.L. NO. - 5, C.S. KHATIAN NO. - 398, R.S. KHATIAN NO. - 1201, 523, R.S. DAG NO. - 262, 263, P.S. - AIRPORT, IN WARD NO. - 2, HOLDING NO. - 376 (799) MADHYA NILACHAL, UNDER NORTH DUM DUM MUNICIPALITY, DIST. - NORTH 24 PARGANAS.

SCALE : - 1" = 32'-0"


| R.S. DAG NO. | R.S. KHATIAN NO. | NATURE OF LAND | AREA OF LAND |
|---|---|---|---|
| 262 | 1201 | BASTU | 0 K - 10 CH - 0 SFT. |
| 263 | 523 | BASTU | 4 K - 13 CH - 21 SFT. |

TOTAL LAND AREA - 5 K - 7 CH - 21 SFT.

MEASUREMENT OF ONE TILE SHED ROOM = 100 SQ.FT. (MARKED BY YELLOW COLOUR)

NAME OF SELLER : - SRI SANJOY SAHA, S/O. LATE BIMAL PRASAD SAHA.

NAME OF PURCHASERS - (1) SMT. SASWATI LODH, W/O. SRI PRADIP KUMAR LODH.
(2) SMT. RINKU DAS, W/O. SRI MADHAI DAS.
(3) MONOARA BEGUM, W/O. MD. NAIM.




Sanjoy Saha

SIGNATURE OF SELLER

1. Saswati Lodh
2. Rinku Das.
3. Monoara Begum

SIGNATURE OF PURCHASERS

DRAWN BY

Santanu Laskar 3.5.2014


SANTANU LASKAR
Gold Star Planning Centre
Licence No. NDDM/LBS-II/7
Planer, Surveyor, Estimator, Valuer
Res:-4 No. Mahajati Nagar, Birati, Kol-51
Near Gouripur Kalibari

Registrar U/S 7(2)
District Sub. Registrar II
24 Pgs (N) Barasat




13 MAY 2014

**Government of West Bengal**
**Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the D.S.R. - II NORTH 24-PARGANAS, District- North 24-Parganas**
**Signature / LTI Sheet of Serial No. 02833 / 2014, Deed No. (Book - I , 03163/2014)**

I . Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Saswati Lodh A. E.245 Saltlake, 1, Flat No:A E, Thana:-North Bidhannagar, P.O. :-Bidhannagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, |  13/05/2014 |  LTI 13/05/2014 | Saswati Lodh 13.05.2014 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Sanjoy Saha Address -2 No. Motilal Colony, Thana:-Dum Dum, P.O. :-Rajbari, District:-North 24-Parganas, WEST BENGAL, India, | Self |  13/05/2014 |  LTI 13/05/2014 | Sanjoy Saha |
| 2 | Saswati Lodh Address -A. E.245 Saltlake, 1, Flat No:A E, Thana:-North Bidhannagar, P.O. :-Bidhannagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, | Self |  13/05/2014 |  LTI 13/05/2014 | Saswati Lodh |
| 3 | Rinku Das Address -461/4, Nilachal, Birati, Thana:-Airport, P.O. :-Nilachal, District:-North 24-Parganas, WEST BENGAL, India, | Self |  13/05/2014 |  LTI 13/05/2014 | Rinku Das |
| 4 | Monowara Begam Address -Bankra, Thana:-Airport, P.O. :-Birati, District:-North 24-Parganas, WEST BENGAL, India, | Self |  13/05/2014 |  LTI 13/05/2014 | Monoara Begum |

**Name of Identifier of above Person(s)**
Narayan Ch. Majumder
Barrackpore Court, District:-North 24-Parganas, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Narayan Ch. Majumder. Adv. 13.05.2014

**(Sushil Kumar Roy)**
**DISTRICT SUB-REGISTRAR-II**
**Office of the D.S.R. - II NORTH 24-PARGANAS**

## Government Of West Bengal
### Office Of the D.S.R. - II NORTH 24-PARGANAS
### District:-North 24-Parganas

## Endorsement For Deed Number : I - 03163 of 2014
### (Serial No. 02833 of 2014 and Query No. 1502L000006244 of 2014)

**On 13/05/2014**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899, also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 31928.00/-, on 13/05/2014

( Under Article : A(1) = 31889/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 13/05/2014 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-29,00,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 174010 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 169020/- is paid , by the draft number 107602, Draft Date 08/05/2014, Bank : State Bank of India, Bankra- Birati, received on 13/05/2014

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 11.05 hrs on :13/05/2014, at the Office of the D.S.R. - II NORTH 24-PARGANAS by Saswati Lodh , one of the Claimants.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 13/05/2014 by

1. Sanjoy Saha, son of Lt Bimal Prasad Saha , 2 No. Motilal Colony, Thana:-Dum Dum, P.O. :-Rajbari, District:-North 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business
2. Saswati Lodh, wife of Pradip Kumar Lodh , A. E.245 Saltlake, 1, Flat No:A E, Thana:-North Bidhannagar, P.O. :-Bidhannagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business
3. Rinku Das, wife of Madhai Das , 461/4, Nilachal, Birati, Thana:-Airport, P.O. :-Nilachal, District:-North 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business

( Sushil Kumar Roy )
**DISTRICT SUB-REGISTRAR-II**

Government Of West Bengal

Office Of the D.S.R. - II NORTH 24-PARGANAS

District:-North 24-Parganas

**Endorsement For Deed Number : I - 03163 of 2014**

**(Serial No. 02833 of 2014 and Query No. 1502L000006244 of 2014)**

4. Monowara Begam, wife of Mahammad Nayim , Bankra, Thana:-Airport, P.O. :-Birati, District:-North 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Business

Identified By Narayan Ch. Majumder, son of Lt Ramesh Ch Majumder, Barrackpore Court, District:-North 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Advocate.

( Sushil Kumar Roy )
DISTRICT SUB-REGISTRAR-II

Saswati Lodh

( Sushil Kumar Roy )
DISTRICT SUB-REGISTRAR-II

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 7**
**Page from 3102 to 3121**
**being No 03163 for the year 2014.**

**(Sushil Kumar Roy) 13-May-2014**
**DISTRICT SUB-REGISTRAR-II**
**Office of the D.S.R. - II NORTH 24-PARGANAS**
**West Bengal**